'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2024

## CC12-BENGALI

## উনিশ ও বিশ শতকের ছোটোগল্প

## NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৩×৪ = ১২

(ক) 'শাস্তি' গল্পটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয় ? দুখীরাম এবং ছিদাম কী ধরনের প্রজা ছিল ?

(খ) 'দেবী' গল্পের কে দেবী-তে পরিণত হয়েছিল ? তার স্বামী এবং শ্বশুরের নাম লেখো।

(গ) 'স্টোভ' গল্পটি কার লেখা, কোন গল্পগ্রন্থের অন্তর্গত ? এই গল্পে শশিভূষণের স্ত্রী ও প্রাক্তন প্রেমিকার নাম লেখো।

(ঘ) 'পুঁইমাচা' গল্প অবলম্বনে ক্ষেন্তির চেহারার বর্ণনা দাও।

(ঙ) বনফুলের 'নিমগাছ' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত ? সেটি কত সালে প্রকাশিত হয় ? নিমগাছটি কার প্রতীক ?

(চ) "ব্যবস্থাটা লতিকাই করল প্রথমে" — কার লেখা, কোন গল্পের অংশ ? 'ব্যবস্থাটা' বলতে কী বোঝানো হয়েছে ?

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৬×৪ = ২৪

(ক) "একটি আমাকে ছাড়িয়া গেল, একটিকে আমি ছাড়িলাম" — কোন গল্পে, কে এই কথা বলেছে ? ছেড়ে যাওয়া এবং ছেড়ে দেওয়ার তাৎপর্য লেখো।

(খ) 'মৌরীফুল' গল্পের সুশীলা চরিত্রটির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'ছিন্নমস্তা' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'আহ্নিকগতি ও মাঝখানের দরজা' গল্পে তটিনী চরিত্রটি নিজের ভাষায় আলোচনা করো।

(ঙ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে স্টিফান হোরো চরিত্রটি কীভাবে বিশিষ্ট হয়ে উঠেছে বুঝিয়ে দাও।

(চ) সমরেশ বসুর 'পাড়ি' গল্পে বর্ণিত বস্তিবাসীদের জীবনচিত্রের পরিচয় লিপিবদ্ধ করো।

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১২×২ = ২৪

(ক) 'শাস্তি' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) মনস্তাত্ত্বিক গল্প হিসেবে 'স্টোভ' কতখানি সার্থক হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।

(গ) 'রস' গল্পের কাহিনি অবলম্বনে 'রস' নামটি ব্যবহারের তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) এক সাধারণ মানবীর দেবীত্বে উত্তীর্ণ হওয়ার করুণ কাহিনি 'দেবী' গল্পের দয়াময়ী চরিত্র অবলম্বনে আলোচনা করো।

——×——



Maynaguri College Library